

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ

বিসমিল্লাহি রহমানির রহীম

আজকের আলোচনার বিষয়বস্তু: "কেমন করে আত্মরক্ষা করবে সেদিন, যে দিনটি শিশুদের
বানিয়ে দেবে বৃদ্ধ?"

১. তোমরা যদি কুফুরী করো তবে কেমন করে আত্মরক্ষা করবে সেদিন, যেদিনটি শিশুকে বানিয়ে দেবে বৃদ্ধ?



অতএব তোমরা যদি কুফুরী করো তবে কি করিয়া আত্মরক্ষা করিবে সেই দিন যেই দিনটি কিশোরকে পরিনত করিবে বৃদ্ধে, (সূরা মুযাম্মিল ৭৩:১৭)

২. সে দিন আকাশ ফেটে যাবে। তার প্রতিশ্রুতি অবশ্যই বাস্তবায়িত হবে।



যেই দিন আকাশ হইবে বিদীর্ন তাহার প্রতিশ্রুতি অবশ্যই বাস্তবায়িত হইবে। (সূরা মুযাম্মিল ৭৩:১৮)

৩. নিশ্চয়ই এ (কুরআন) একটি উপদেশ। সুতরাং যে চায় সে তার প্রভুর পথ ধরুক।



নিশ্চয়ই ইহা এক উপদেশ অতএব যে চায় সে তাহার প্রভুর পথ অবলম্বন করুক। (সূরা মুযাম্মিল ৭৩:১৯)

১৭ নম্বর আয়াতটির ব্যাখ্যায় মুফাসসিরগণ বলেছেন, সেই মহাপ্রলয়ের দিনটি এমন হবে যে, মহাসংকটের কথা চিন্তা করে করে শিশু/কিশোরদের বৃদ্ধ বানিয়ে দেবে। অন্য এক বর্ণনায় তফসীরকারক বলেছেন, দিনটি এমন লম্বা হবে যে শিশু/কিশোরদের বৃদ্ধ বানিয়ে দেবে। আল্লাহই অধিক জ্ঞাত। তাফহীমুল কুরআনের ব্যাখ্যায় বলা হয়েছে, "আমার প্রেরিত রাসূল [হজরত মুহাম্মদ (স:)] এর কথা যদি তোমরা না মানো তাহলে এ একই অপরাধের কারণে ফেরাউন যে দুর্ভাগ্যজনক পরিণাম ভোগ করেছে অনুরূপ পরিণাম দুনিয়াতেই তোমাদের ভোগ করতে হবে। আর মনে করো দুনিয়ায় যদি তোমাদের জন্য কোনো আযাবের ব্যবস্থা নাও করা হয়, তাহলে ও কিয়ামতের আযাব থেকে কিভাবে নিষ্কৃতি পাবো।"

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা, ১৮ নম্বর আয়াতে আল্লাহ বলছেন, কিয়ামত অবশ্যই সংঘটিত হবে, তার প্রতিশ্রুতি নিশ্চয়ই বাস্তবায়িত হবে। ১৯ নম্বর আয়াতে বলা হয়েছে, যে কুরআন একটি উপদেশ, যে চায় সে তার প্রভুর পথ ধরুক। আসুন, আমরা আল্লাহর পথ ধরি। কোরআন হাদিস মোতাবেক নিজেদের পরিচালিত করে আখেরাতে মুক্তি বাবস্থাকু।
আল্লাহ আমাদের সাহায্য করুন।

আমীন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ

Click here <http://www.morningbrightness.fi/>